



Ref. No: খুল/সি/সি-সি/২০২৪/৩৮২

Date: ২৩/০৮/২০২৪

কুয়েটের নতুন ওয়েবসাইট সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সকল সম্মানিত শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী, শিক্ষার্থী ও এলুমনাইদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র বিশ্ববিদ্যালয়ের বিদ্যমান ওয়েবসাইটটি তথ্য বহুল, দৃষ্টিনন্দন এবং যুগোপযোগী করার লক্ষ্যে একটি কমিটি কাজ করছে। উক্ত কমিটির সদস্যবৃন্দ কেন্দ্রীয় কম্পিউটার সেন্টার ও আইসিটি সেলের নিজস্ব জনবলের মাধ্যমে ইতিমধ্যে একটি নতুন ওয়েবসাইটের প্রাথমিক কাজ সম্পন্ন করেছে। ওয়েবসাইটটির ডেভেলপমেন্টের জন্য ব্যবহৃত প্রোগ্রামিং ল্যাঙ্গুয়েজ ও অন্যান্য টুলস এর সর্বশেষ স্ট্যাবল ভার্সন ব্যবহার করা হয়েছে। এছাড়াও ওয়েবসাইটের অধিকতর নিরাপত্তার স্বার্থে অডিটিং ও মডিফিকেশন কার্যক্রম চলমান রয়েছে।

যেকোন নতুন ওয়েবসাইটের ডেভেলপমেন্ট, ব্যবস্থাপনা ও তথ্য হালনাগাদ একটি চলমান প্রক্রিয়া। এক্ষেত্রে কেন্দ্রীয় কম্পিউটার সেন্টার এর পাশাপাশি সকল দপ্তর ও স্টেকহোল্ডারবৃন্দ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। উল্লেখ্য যে, ওয়েবসাইটে বিভিন্ন দপ্তর ও পার্সোনাল প্রোফাইলের নির্ভুল তথ্য হালনাগাদ করার লক্ষ্যে সংশ্লিষ্ট দপ্তরসমূহের সাথে কাজ করা হচ্ছে।


এমতাবস্থায় কমিটির সকল সদস্যের মতামতের ভিত্তিতে ওয়েবসাইটের বৈটা ভার্সন সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী, শিক্ষার্থী ও এলুমনাইদের পর্যালোচনা ও মতামতের জন্য উন্মুক্ত করা হলো। এতদসংক্রান্ত মতামত/পরামর্শ প্রেরনের জন্য নিম্নোক্ত লিংক ও ই-মেইল ব্যবহার করার অনুরোধ করা হলো। ওয়েবসাইটের পরবর্তী ভার্সন অতি শীঘ্রই সকলের ব্যবহারের জন্য উন্মুক্ত করা হবে। এক্ষেত্রে সকলের সহযোগিতা একান্ত কাম্য।

ওয়েবসাইটের লিংকঃ <https://site.kuet.ac.bd/>

মতামত/পরামর্শ প্রদানের লিঙ্কঃ <https://forms.gle/27yQYUQ14ZYhrniq8>

ই-মেইলঃ webmaster@kuet.ac.bd




13.08.24

(প্রফেসর ড. মোঃ আরশাদ হোসেন)

চেয়ারম্যান

কেন্দ্রীয় কম্পিউটার সেন্টার

ও

সভাপতি

ওয়েবসাইট ডেভেলপমেন্ট কমিটি

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। সকল ডীন, অত্র বিশ্ববিদ্যালয়।
- ২। সকল ইন্সটিটিউট পরিচালক,
- ৩। সকল বিভাগীয় প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৪। সকল পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৫। সকল হল প্রভোস্ট, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৬। সকল দপ্তর/শাখা প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৭। পিএস টু ভাইস-চ্যান্সেলর, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৮। সকল নোটিশ বোর্ড, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৯। সংরক্ষণ নথি।